



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

গবেষণা ও পরিসংখ্যান বিভাগ।

ফোন নং : ৯৫৫২৪৯৬

পিএবিএক্স : ৯৫৬০০২১-২৫

৯৫৬০০৩১-৩৫/২৫৭

ই-মেইল : dgmrtd@krishibank.org.bd

প্রকাঃ গবে ও পরি-৪৬(৫)/CIB ONLINE/২০১৯-২০২০/৪৩(৭০)

তারিখ : ১৪-০৭-২০১৯খ্রিঃ

- ১। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয় ও সকল বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ২। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৩। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : বিকেবি'র সকল ঋণগ্রহিতাদের তথ্য সিআইবি ডাটাবেইজকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ আফজাল করিম মহোদয় কর্তৃক স্বাক্ষরিত ১২/০৩/২০১৯ তারিখের পত্র নং-প্রকাঃ গবে ও পরি-৪৬(৫)/CIB ONLINE/২০১৮-২০১৯/৫৮৩ এবং অত্র বিভাগের ১৭/০৪/২০১৯ তারিখের পত্র নং-৬৭৩(৭০) এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো (পত্রদ্বয়ের কপি সংযুক্ত)।

০২। শাখার সকল ঋণগ্রহিতাদের তথ্য দ্রুততম সময়ের মধ্যে সিআইবি ডাটাবেইজে অন্তর্ভুক্তি সম্পন্ন করার নিমিত্তে যেসকল ঋণের সাথে এক ব্যক্তি জড়িত(প্রতিষ্ঠান ছাড়া) সেসকল ঋণতথ্য প্রতিটি শাখা কর্তৃক কমপক্ষে ৫০০টি অত্র বিভাগ হতে সরবরাহকৃত XL Format এ Entry দিয়ে সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে অত্র বিভাগে প্রতি মাসের ৭ তারিখের মধ্যে প্রেরণের জন্য বর্ণিত পত্রদ্বয়ে নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ চলতি মাসের ১১ তারিখ অতিক্রান্ত হওয়ার পরও অদ্যাবধি শাখার ঋণগ্রহিতাদের তথ্য দিয়ে পূরণকৃত XL ফাইল অত্র বিভাগে প্রেরণ করেনি, যা উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ অমান্য এবং দায়িত্বে অবহেলার সামিল। চলতি মাসে ঋণগ্রহিতাদের তথ্য সিআইবি ডাটাবেইজে অন্তর্ভুক্তির জন্য বাংলাদেশ ব্যাংকে প্রেরণে ব্যর্থ হলে অত্র ব্যাংকের ভাবমূর্তি ক্ষুণ্ণ হওয়ার পাশাপাশি বাংলাদেশ ব্যাংক কর্তৃক আর্থিক জরিমানা আরোপের সম্ভাবনাও রয়েছে।

০৩। এমতবস্থায়, আপনাদের নিয়ন্ত্রনাধীন সকল শাখার ঋণগ্রহিতাদের তথ্য দিয়ে শাখা কর্তৃক পূরণকৃত XL Format ফাইলসমূহ চলতি মাসের জন্য ১৭/০৭/২০১৯ তারিখের মধ্যে জরুরী ভিত্তিতে গবেষণা ও পরিসংখ্যান বিভাগে প্রেরণ নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, শাখার সকল ঋণতথ্য সিআইবি ডাটাবেইজে অন্তর্ভুক্তি সম্পন্ন না হওয়া পর্যন্ত প্রত্যেক মাসে কমপক্ষে ৫০০ জন ঋণগ্রহিতার ঋণতথ্য XL Format ফাইলে পূরণ করে প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে গবেষণা ও পরিসংখ্যান বিভাগে প্রেরণ অব্যাহত রাখতে হবে। ব্যর্থতায় সংশ্লিষ্ট শাখা/কার্যালয়কে ব্যাখ্যা প্রদানসহ উদ্ভূত পরিস্থিতির দায়-দায়িত্ব বহন করতে হবে।

০৪। বিষয়টি অতীব জরুরী।

অনুমোদনক্রমে-

সংযুক্তি : বর্ণনামতে(০৩ পাতা)।

আপনার বিশ্বস্ত

(মোঃ খোরশেদ আনোয়ার)

সহকারী মহাব্যবস্থাপক

(বিভাগীয় দায়িত্বে)

প্রকাঃ গবে ও পরি-৪৬(৫)/CIB ONLINE/২০১৯-২০২০/৪৩(১২০৩)

তারিখ : ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ০৪। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। বর্ণিত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৫। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)।
- ০৬। নথি/মহানথি।

(নূর মোহাম্মদ মোল্লা)

উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা